# বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মকর্তা-কর্মচারী বদলী/পদায়ন নীতিমালা-২০২২

## বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

নৌপরিবহন মন্ত্রণালয়

# বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
## Bangladesh Land Port Authority
টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
www.bsbk.gov.bd

**১.০। ভূমিকা :**

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ বাংলাদেশ সরকার কর্তৃক বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ আইন, ২০০১ (২০০১ সনের ২০ নং আইন) দ্বারা গঠিত একটি সংবিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানের ঢাকায় একটি প্রধান সদর দপ্তর এবং বিভিন্ন জেলার সীমান্ত অঞ্চলে ২৪টি ঘোষিত স্থলবন্দর রয়েছে। এই স্থলবন্দরসমূহের মধ্যে ৭টি স্থলবন্দর কর্তৃপক্ষের নিজস্ব ব্যবস্থাপানায় এবং বাকী ০৫টি স্থলবন্দর রাজস্ব ভাগাভাগির ভিত্তিতে পারিচালিত হচ্ছে। এসকল স্থলবন্দর দিয়ে ব্যবসায়ীদের আমদানি-রপ্তানি কাজে সহযোগিতার জন্য বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত রয়েছেন। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ঢাকায় এবং দেশের অন্যান্য স্থানে স্থাপিত স্থলবন্দরসমূহ মিলিয়ে প্রায় ৩০০ কর্মকর্তা-কর্মচারী কর্মরত আছেন। তবে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের কোন সুনির্দিষ্ট বদলী নীতিমালা না থাকায়, অনেক সময় একই কর্মকর্তা, একই পদে, একই স্থানে দীর্ঘদিন কাজ করার সুযোগ পান, আবার কেউ, কেউ ঘন, ঘন বদলীর শিকার হন। ফলে, কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে হতাশা ও ক্ষোভের সৃষ্টি হয় এবং অনেক কর্মকর্তা/কর্মচারী বহুমুখী কাজের অভিজ্ঞতা লাভের সুযোগ হতে বঞ্চিত হন।

তাই, এ অবস্থা দূরীকরণ এবং বাংলাদেশ স্থবন্দর কর্তৃপক্ষে নিয়োগপ্রাপ্ত/নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের মিথস্ক্রিয়ার মাধ্যমে বৈচিত্র্যময় কাজের সুযোগ প্রদান, বহুমুখী অভিজ্ঞতা সঞ্চয়, উৎপাদনশীলতা ও দক্ষতা বৃদ্ধি এবং সর্বোপরি এ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীগণকে নতুন যুগের চ্যালেঞ্জ মোকাবেলা ও গুরুদায়িত্ব পালনে সক্ষম করে গড়ে তোলার জন্য “বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মকর্তা-কর্মচারী বদলী/পদায়ন নীতিমালা” প্রণয়ন করা হলো। এ নীতিমালা “বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মকর্তা-কর্মচারী বদলী/পদায়ন নীতিমালা-২০২২” নামে অভিহিত হবে। এ নীতিমালার লক্ষ্য হচ্ছে উপযুক্ত ব্যক্তিকে যথাস্থানে পদায়ন করা।

**২.০। প্রয়োগ :**

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কর্মকর্তা-কর্মচারী বদলী/পদায়ন নীতিমালাটি বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সদর দপ্তর এবং সীমান্তবর্তী বিভিন্ন জেলায় অবস্থিত স্থলবন্দরে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের ওপর প্রযোজ্য হবে। তাছাড়া, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের নীতিমালার আলোকে অন্য কোন সংস্থা হতে বাংলাদেশে স্থলবন্দর কর্তৃপক্ষে প্রেষণে নিয়োজিত কোন কর্মকর্তা-কর্মচারীকে, যদি অন্যবিধ কোন নির্দেশনা না থাকে, ঢাকাস্থ প্রধান কার্যালয় ছাড়াও অন্য যে কোন স্থলবন্দরে কাজ করার জন্য বদলী/পদায়ন করতে পারবে। বদলী নীতিমালা প্রয়োগের ক্ষেত্রে দাপ্তরিক প্রয়োজন, প্রতিষ্ঠানের লক্ষ্য, উদ্দেশ্য সাধন ও কর্মক্ষেত্রের জন্য আবশ্যকীয় দক্ষতার বিষয়টি প্রধান্য দেয়া হবে।

**৩.০। কার্যকারিতা:**

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত বদলী নীতিমালাটি অবিলম্বে কার্যকর হবে এবং কর্তৃপক্ষে কর্মরত/নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীর ওপর কার্যকর হবে। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ এ নীতিমালার আলোকে পরবর্তী সকল বদলী/পদায়নের জন্য সচেষ্ট হবে। পরবর্তী হালনাগাদ নীতিমালা না হওয়া পর্যন্ত বা অন্যরূপ কোন সংশোধনী প্রণীত না আনা পর্যন্ত এ নীতিমালা কার্যকর থাকবে।

**৪.০। বদলীর কর্তৃপক্ষ:**

ক) বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ও এর নিয়ন্ত্রণাধীন স্থলবন্দরে বদলী/পদায়নের ক্ষেত্রে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্মকর্তা-কর্মচারীগণের বদলী/পদায়ন করবেন। তবে চেয়ারম্যানের অবর্তমানে ছুটিকালীন ভারপ্রাপ্ত চেয়ারম্যান বদলী/পদায়ন করতে পারবেন না।

হিমেল জাহান
সহকারী পরিচালক (ট্রাফিক)
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা

মোঃ রেজাউল করিম
উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
নৌ-পরিবহন মন্ত্রণালয়
ঢাকা।

ডি এম আতিকুর রহমান
উপসচিব
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

খ) স্থলবন্দরের অভ্যন্তরীণ কোন দপ্তর, শাখা, শেড/ইয়ার্ডে বদলী/পদায়নের ক্ষেত্রে বন্দর ইনচার্জগণ কর্তৃপক্ষের চেয়ারম্যান এর নিকট হতে মৌখিক/ লিখিত অনুমোদন গ্রহণপূর্বক বন্দরের কর্মকর্তা-কর্মচারীদের অভ্যন্তরীণ বদলী/পদায়ন করতে পারবেন। তবে কর্তৃপক্ষ বিশেষ প্রয়োজনে বন্দরের অভ্যন্তরীণ বদলী/পদায়ন বা দায়িত্ব বণ্টনের ক্ষেত্রে ভিন্নতর বিশেষ আদেশ জারি করতে পারবে।

গ) এতদ্‌ব্যতিত, বন্দর ইনচার্জগণ কোন কর্মকর্তা-কর্মচারীকে তাঁর কাজের সুবিধার্থে বদলীর প্রয়োজন হলে এ সংক্রান্ত প্রস্তাব চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন। চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ এ সংক্রান্ত প্রস্তাব বিবেচনায় নেয়ার সর্বোচ্চ কর্তৃপক্ষ হিসাবে বিবেচিত হবেন।

**৫.০। বদলীর সাধারণ শর্তাবলী:**

১) কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীগণের নিয়মিত বদলী/পদায়নের ক্ষেত্রে অনুমোদিত সাংগঠনিক কাঠামো ও নিয়োগবিধি যতদূর সম্ভব অনুসরণক্রমে কর্মকর্তা/কর্মচারী-কে বদলী/পদায়ন করা হবে।

২) কোন কর্মকর্তা/কর্মচারী একই পদে কিংবা সমপর্যায়ের পদে একই কর্মস্থলে একাধারে ০৩ (তিন) বছর কর্মরত থাকলে সাধারণতঃ বদলীযোগ্য হবেন।

৩) কর্মকর্তা-কর্মচারীগণ একই পদে বা সমপর্যায়ের পদে একই কর্মস্থলে ০২ (দুই) বছর কর্মকাল পূর্ণ হবার পূর্বে অন্যত্র বদলীর জন্য আবেদন করতে পারবেন না। তবে কোন কোন কর্মকর্তা/কর্মচারীর গুরুতর শারীরিক/ মানসিক/পারিবারিক অসুবিধার উদ্ভব হলে সেক্ষেত্রে ০২ (দুই) বছর পূর্ণ হওয়ার পূর্বে তিনি অন্যত্র বদলীর জন্য আবেদন করতে পারবেন।

৪) কোন কর্মকর্তা-কর্মচারী বা তাঁর স্বামী/স্ত্রী/সন্তান দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হলে উক্ত কর্মকর্তা-কর্মচারী তাঁর স্বামী/স্ত্রী/সন্তান এর সুচিকিৎসার সুবিধার্থে তাঁকে সুবিধাজনক স্থানে বদলী/পদায়নের আবেদনের বিষয়টি কর্তৃপক্ষ মানবিক বিবেচনা নিতে পারবেন।

৫) বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষে নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণ "বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরি প্রবিধানমালা-২০০৪" অনুযায়ী শিক্ষানবিশকালে বদলীর জন্য আবেদন করতে পারবেন না।

৬) কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে যদি স্বামী-স্ত্রী উভয়ে চাকুরিজীবী হন, তবে একই কর্মস্থলে বা যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এক্ষেত্রে একই পদে একাধিক কর্মকর্তা-কর্মচারীর আবেদন পাওয়া গেলে কর্তৃপক্ষের বিবেচনায় যা যৌক্তিক মনে হবে সেরূপ যথোপযুক্ত ব্যবস্থা নেয়া হবে।

৭) অবসর প্রস্তুতিমূলক ছুটিতে (পি.আর.এল) যাওয়ার ০১ (এক) বছর পূর্বে কোন কর্মকর্তা-কর্মচারী তার সুবিধামত স্থানে বদলী/পদায়নের জন্য আবেদন করলে পদ শূন্য থাকা সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে উক্ত আবেদন কর্তৃপক্ষ বিবেচনা করতে পারে।

৮) পারস্পরিক বদলীর আবেদনের ক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীর জন্য সুবিধাজনক বদলীর বিষয়টি কর্তৃপক্ষ বিবেচনা করতে পারে।

৯) বিধবা ও অবিবাহিত মহিলা কর্মকর্তা/কর্মচারীদের বদলী/পদায়নের ক্ষেত্রে কর্তৃপক্ষ তাদের পছন্দসহ বন্দরে বদলী/পদায়নের বিষয়টি বিবেচনায় করতে পারেন।

১০) বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি অগ্রাধিকার ও সুরক্ষা আইন-২০১৩ এর (৩) ধারায় সংজ্ঞায়িত বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে শারীরিক ও মানসিক সক্ষমতা বিবেচনায় অগ্রাধিকার ভিত্তিতে যথাসম্ভব সুবিধাজনক কর্মস্থলে বদলী করা যেতে পারে। কোন কর্মকর্তা-কর্মচারীর সন্তান বিশেষ চাহিদাসম্পন্ন হলে তিনিও একই সুবিধা পেতে পারেন।

১১) কোনো কর্মকর্তা/কর্মচারীর বদলীর ক্ষেত্রে তার সন্তানাদির স্কুল/কলেজে পড়াশোনার একাডেমির ভর্তি/পুনঃ ভর্তির বিষয়টি খেয়াল রাখা যেতে পারে।

হিমেল আহমেদ
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা

মোঃ রেজাউল করিম
উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
নৌ-পরিবহন মন্ত্রণালয়
ঢাকা।



ডি এম আতিকুর রহমান
উপসচিব
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
নৌপরিবহন মন্ত্রণালয়

১২) চাকুরিতে কোনো কনিষ্ঠ কর্মকর্তার অধীন কোনো জেষ্ঠ্য কর্মকর্তা/কর্মচারী বদলী/পদায়ন করা নিরুৎসাহিত করা যেতে পারে।

১৩) কোনো স্থলবন্দরে কোনো কর্মকর্তা/কর্মচারীর কার্যক্রম উক্ত বন্দরের জন্য বা অন্যান্য অংশীজনের জন্য বা কর্তৃপক্ষের সুনামের জন্য অগ্রহণযোগ্য হয়ে উঠলে উক্ত কর্মকর্তা/কর্মচারীকে জরুরীভিত্তিতে অন্যত্র বদলী বা সদর দপ্তরে সংযুক্ত করা যেতে পারে। কোনো কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে যদি কোনো দুর্নীতির অভিযোগ, পরিবেশ বিনষ্টের বা অসহযোগিতার অভিযোগ থাকে, তবে কর্তৃপক্ষ তাকে অন্যত্র বদলী/পদায়ন/সংযুক্তি প্রদান করতে পারেন।

১৪) প্রকল্প পরিচালক/ উপ-প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশনা, পরিকল্পনা কমিশনের সুপারিশ এবং সময়ে সময়ে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত অনুশাসন অনুসরণ করা যেতে পারে।

১৫) বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত কোনো কর্মকর্তা/কর্মচারীকে যে কোন কর্মস্থলে সংযুক্তিতে বদলী/পদায়ন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৬) বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারী ধার/প্রেষণে নিয়োগ/পদায়নের ক্ষেত্রে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ আইন-২০০১ (২০০১ সনের ২০ নং আইন) এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ শিরোনামভুক্ত অনুচ্ছেদ ১২ (৩) মোতাবেক সরকার, সংশ্লিষ্ট পক্ষগণের সম্মতিক্রমে, কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারীকে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ যে কোন সংস্থায় এবং উক্ত সংস্থাসমূহের কোন কর্মকর্তা বা কর্মচারীকে এ কর্তৃপক্ষে প্রেষণে নিয়োগ করতে পারবে;

১৭) বিভাগীয় মামলা চলমান থাকাবস্থায় কোন কর্মকর্তা/কর্মচারী বদলীর আবেদন বিবেচনাযোগ্য হবে না;

১৮) বিশেষ কারিগরি জ্ঞানসম্পন্ন বা বিশেষ দক্ষতার প্রয়োজন রয়েছে এমন পদে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের বদলী/পদায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ/শাখা প্রধানের পরামর্শ বা মতামত গ্রহণ করা যেতে পারে। তবে গুরুত্বপূর্ণ বন্দরের গুরুত্বপূর্ণ জায়গায় বদলী/পদায়নের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীর সুনাম, দক্ষতা ও অভিজ্ঞতাকে প্রাধান্য দেয়া যেতে পারে।

১৯) কর্তৃপক্ষ জনস্বার্থে ও প্রশাসনিক প্রয়োজনে যে কোন সময় কোন কর্মকর্তা/কর্মচারী-কে যে কোন কর্মস্থলে বদলী/পদায়ন/সংযুক্ত করতে পারবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

## ৬.০। **বিবিধ:**

জনস্বার্থে অথবা প্রশাসনিক প্রয়োজনে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ এ নীতিমালার যে কোন পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

02.6.2022

মোঃ আলমগীর
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান
ফোন : ০২-৮১৮৯৩০০
E-mail: chairman@bsbk.gov.bd
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

হিমেল জামান
সহকারী পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা

মোঃ রেজাউল করিম
উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
নৌ-পরিবহন মন্ত্রণালয়
ঢাকা।

ডি এম আতিকুর রহমান
উপসচিব
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
নৌপরিবহন মন্ত্রণালয়